অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/25/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং ন্যাশনাল গ্রিড (NATIONAL GRID) অবিলম্বে স্থগিত অবস্থা প্রত্যাহারের চুক্তি ঘোষণা করেছেন

ন্যাশানাল গ্রিড পরবর্তী দুই বছরের জন্য সকল গ্রাহক এবং নতুন আবেদনকারীদের সেবা দিতে স্বল্পমেয়াদী সরবরাহ প্রক্রিয়া চিহ্নিত করেছে

কোম্পানি ক্ষতিপূরণ বাবদ এবং ক্লিন এনার্জি প্রকল্পের (Clean Energy Projects) সমর্থনে প্রভাবিত গ্রাহকদের 36 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে

ন্যাশানাল গ্রিড তিন মাসের মধ্যে প্রভাবিত সম্প্রদায়গুলিকে একটি দীর্ঘমেয়াদী বিকল্পের বিশ্লেষণ পেশ করবে, দীর্ঘমেয়াদী পরিকল্পনা 2021 সালের শরতের মধ্যে বলবত করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ লং আইল্যান্ড, কুইন্স এবং ব্রুকলিনে গ্যাস পরিষেবায় বর্তমান স্থগিত অবস্থা তুলে দিতে জাতীয় গ্রীডের সাথে একটি চুক্তি ঘোষণা করেছেন। ন্যাশানাল গ্রিড স্বল্প মেয়াদী সরবরাহ প্রক্রিয়া চিহ্নিত করেছে যা সংরক্ষণশীলভাবে পরবর্তী দুই বছরের জন্য চাহিদা পূরণ করবে, যে কোন গ্রাহককে যাকে আগে তারা পূর্বে অস্বীকার করেছে তাদের পরিষেবা পুনঃস্থাপন করে এবং সমস্ত মুলতুবি থাকা আবেদন মঞ্জুর করে। ন্যাশানাল গ্রিড একটি সর্বজনীন পর্যালোচনা প্রক্রিয়ার সাপেক্ষে তিন মাসের মধ্যে একটি দীর্ঘমেয়াদী বিকল্পের বিশ্লেষণ উপস্থাপন করবে। দীর্ঘমেয়াদী বিকল্পটি 2021 সালের শরতে স্থাপন করা হবে এবং কার্যকর হবে।

স্থগিত অবস্থার জন্য বিরূপভাবে প্রভাবিত গ্রাহকদের ক্ষতিপূরণ দিতে ন্যাশনাল গ্রিড 36 মিলিয়ন মার্কিন ডলার জরিমানা বাবদ প্রদান করবে। এই জরিমানা পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission, PSC) সঙ্গে আলোচনা করে বাজেটের নিউইয়র্ক স্টেট ডিভিশনের (New York State Division of the Budget) পরিচালকের নির্দেশনা অনুযায়ী নতুন শক্তি সংরক্ষণ ব্যবস্থা ও পরিচ্ছন্ন শক্তি প্রকল্পকেও সমর্থন করবে।

"এই চুক্তিটি গ্রাহকদের জন্য জয়," **গভর্নর কুওমো বলেন।** "জাতীয় গ্রিড সরবরাহ সমস্যা, তার গ্রাহকদের সাথে অপব্যবহার, এবং তারা যে বিরূপ অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করেছে তার জন্য একটি উল্লেখযোগ্য জরিমানা প্রদান করবে। এই প্রতিষ্ঠানটি দীর্ঘ মেয়াদী সরবরাহ সমস্যা মোকাবেলার জন্যও কাজ করছে এবং আগামী মাসগুলিতে ব্রুকলিন, কুইন্স এবং লং আইল্যান্ডের মানুষের কাছে বিকল্প ব্যবস্থা পেশ করবে, যাতে তারা তাদের কমিউনিটির জন্য সর্বোত্তম পন্থা বেছে নিতে পারেন।

আজ এটা পরিষ্কার করে দেওয়া হয় যে, তাদের নিজের স্বার্থ এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা কোনও ব্যবসা - বড় বা ছোট - নিউ ইয়র্কবাসীদের উপর বলপ্রয়োগ করতে দেবো না। আমি অ্যাটর্নি জেনারেল টিশ জেমস, সিনেটর পার্কার এবং অ্যাসেম্বলি মেম্বার কুসিককে ধন্যবাদ জানাতে চাই এই বিষয়টির সমাধান করার জন্য।"

"ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য একটি উদ্ভাবনী বিকল্পের সিরিজ চিহ্নিত করতে আমরা কঠোর পরিশ্রম করেছি। এই চুক্তির মাধ্যমে, আমরা দীর্ঘমেয়াদী সরবরাহ সমাধানের জন্য বিকল্পগুলি পেশ করব যা আমাদের গ্রাহকদের তাদের প্রয়োজন এবং আকাঙ্খিত পরিষেবা নিশ্চিত করবে," **জানিয়েছেন ন্যাশনাল গ্রিড নিউ ইয়র্কের প্রেসিডেন্ত জন ব্রুকনার।** "পরিষেবা পুনরায় চালু করার মাধ্যমে নিউ ইয়র্কের স্থগিত অবস্থার দ্বারা প্রভাবিতদের সহায়হতা প্রদান করে এবং নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যতে আরো বিনিয়োগের মাধ্যমে আমরা নিরাপদ ও নির্ভরযোগ্য পরিষেবা প্রদানের জন্য আমাদের শীর্ষ অগ্রাধিকার প্রদান করার অটল অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করছি।"

"শীত শুরু হওয়ার সাথে সাথে নিউ ইয়র্কবাসীরা নিশ্চিন্ত হতে পারেন যে ন্যাশানাল গ্রিডের স্থগিত অবস্থা অবশেষে শেষ হয়েছে এবং এই হাজার হাজার গৃহের মালিক এবং ব্যবসায়িক প্রতিষ্ঠান, যাদের পরিষেবা প্রদান করা হয়নি, তারা তাদের তাপ চালু করতে সক্ষম হবেন।" **অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস বলেছেন।** "আমি কৃতজ্ঞ যে গভর্নর কুওমো ন্যাশানাল গ্রিডকে সঠিক কাজ করার জন্য ঠেলা দিয়েছেন এবং এই গুরুত্বপূর্ণ বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন। মানুষ, ক্ষুদ্র ব্যবসা এবং নিউ ইয়র্কের অর্থনীতিতে যে গভীর প্রভাব পড়েছে এই স্তগিত অবস্থার কারণে তা শোনার পর আমার অফিস একটি তদন্ত শুরু করে। আমরা অসংখ্য অভিযোগ পেয়েছি, যে কারণে আমরা খুব ভালো করে ন্যাশানাল গ্রিডের এবং রাজ্য জুড়ে পরিষেবা প্রদানকারীদের পর্যালোচনা করবো যাতে নিশ্চিত করা যায় যে নিউ ইয়র্কবাসীরা ন্যায্য অংশ প্রাপ্ত হচ্ছেন।"

বিদ্যুৎ ও টেলিযোগাযোগ সংক্রান্ত সেনেট কমিটির (Senate Committee on Energy and Telecommunications) চেয়ারম্যান সেনেটর কেভিন এস. পার্কার বলেন, "ন্যাশনাল গ্রিডের গ্যাস পরিষেবায় স্থগিত অবস্থা আনা ব্রুকলিন, কুইন্স এবং লং আইল্যান্ডের সম্প্রদায়ের প্রতি সম্পূর্ণ অনুচিত ছিল এবং আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই এই বিষয়টি বরাবরের মত সমাধান করার জন্য। ন্যাশানাল গ্রিড অবিলম্বে এই স্থগিত অবস্থা প্রত্যাহার করতে সম্মত হয়েছে, এবং এই কোম্পানী ভবিষ্যতে প্রভাবিত সম্প্রদায়গুলি তাদের যে সেবা প্রয়োজন, তা তারা পাবেন তা নিশ্চিত করার জন্য একটি দীর্ঘমেয়াদী বিকল্পের বিশ্লেষণ উপস্থাপন করবে।"

এনার্জি অ্যাসেম্বলি সংক্রান্ত অ্যাসেম্বলি স্ট্যান্ডিং কমিটির (Assembly Standing Committee on Energy) চেয়ারম্যান মাইকেল কুসিক বলেন, "আজকের এই ঘোষণা জাতীয় গ্রিড গ্রাহকদের জন্য সুখবর এবং এ বছরের স্থগিত অবস্থার কারণে প্রভাবিত বাসিন্দাদের সাথে বিশ্বাস পুনর্গঠনের প্রথম পদক্ষেপ। গভর্নর কুওমোর নেতৃত্বকে ধন্যবাদ, নিউ ইয়র্কবাসীদের ছুটি ও শীতের মাসে তাদের ঘরবাড়ি গরম করার চিন্তা করতে হবে না। সংসদের জ্বালানি কমিটির সভাপতি হিসেবে আমি এই

পরিস্থিতির ওপর নজরদারি চালিয়ে যাব যাতে নিশ্চিত করা যায় যে ভবিষ্যতে নিউ ইয়র্কবাসীদের অন্যায়ভাবে গুরুত্বপূর্ণ পরিষেবা থেকে বিচ্ছিন্ন না করা হয়।"

এই চুক্তির অংশ হিসেবে, ন্যাশানাল গ্রিড ফলপ্রসূ বিকল্পসমূহ বিশ্লেষণ করবে এবং পেশ করবে দীর্ঘমেয়াদী সরবরাহ সমস্যার মোকাবিলা করার জন্য, যার মধ্যে রয়েছে, পুনর্নবীকরণযোগ্য শক্তির উৎস, সংরক্ষণ কৌশল, একটি নতুন পাইপলাইন, LNG সুবিধা, CNG সুবিধা এবং ইন্টারঅপারেশনযোগ্য সিস্টেম। ন্যাশনাল গ্রিড পরবর্তী তিন মাস এই পছন্দগুলি বিশ্লেষণ করবে এবং কুইন্স, ব্রুকলিন, নাসাউ, এবং সাফোকে বেশ কয়েকটি জনসভার মাধ্যমে উন্মুক্ত ও স্বচ্ছভাবে সেগুলি জনসমক্ষে উপস্থিত করবে। স্থানীয় নির্বাচিত কর্মকর্তাদের সঙ্গে সমন্বয় করে এসব সভা পরিচালনা করা হবে।

রাজ্য ন্যাশানাল গ্রিড এবং স্থানীয় সম্প্রদায় এবং নির্বাচিত কর্মকর্তাদের সঙ্গে কাজ করবে 2020 জুনের মধ্যে সেরা উপলব্ধ দীর্ঘমেয়াদী বিকল্পটি সনাক্ত করার জন্য যা একটি নিরাপদ এবং পর্যাপ্ত নির্মাণ এবং রূপান্তরণ সময়সীমা প্রদান করবে যাতে 2021 সালের মধ্যে বিকল্পটি স্থাপিত হবে এবং কার্যকর হবে।

ন্যাশনাল গ্রিডের গ্যাস সরবরাহ কার্যক্রম তদারকির জন্য নিউ ইয়র্ক স্টেট একটি মনিটর নিয়োগ করবে। মনিটর নিউ ইয়র্ক স্টেট এবং পাবলিক সার্ভিস কমিশনের কাছে রিপোর্ট করবে, এবং ন্যাশানাল গ্রিড একে অর্থ প্রদান করবে।

এই চুক্তিটি একটি ভিত্তি হিসেবে কাজ করবে আগামী অক্টোবরে PSC কর্তৃক জারি করা একটি শো কজের আদেশের নিষ্পত্তি করার জন্য, পাবলিক সার্ভিস আইন লঙ্ঘনের অভিযোগের কারণে ন্যাশানাল গ্রিডের বিরুদ্ধে একটি শাস্তির প্রক্রিয়া শুরু হবার পর। অক্টোবরে PSC 1,157টি আবাসিক ও ক্ষুদ্র বাণিজ্যিক গ্রাহকদের অবিলম্বে সংযুক্ত করতে এবং গ্যাস সিস্টেমের নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য একটি বিকল্প সরবরাহ এবং চাহিদা কমানোর পরিকল্পনা বাস্তবায়নের জন্য ইউটিলিটিটিকে নির্দেশ দিয়েছে।

চুক্তির শর্ত চরিতার্থ হলে PSC ন্যাশনাল গ্রিডের অপারেটিং সার্টিফিকেট বাতিলকরণ নিয়ে অগ্রসর হবে না। ন্যাশনাল গ্রিডের বিরুদ্ধে মুলতুবি করা দুটি অতিরিক্ত শো কজ আদেশ বলবত আছে PSC-র তরফ থেকে যার সমাধান করতে হবে।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন